

৪২ শিগাম

সকল শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করুন

-ননএমপিওভুক্ত শিক্ষক কর্মচারী একাজোট
স্টাফ রিপোর্টার : ননএমপিও পীকুতিপ্রান্ত
সকল শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্তির দাবী
জানিয়েছেন ননএমপিও শিক্ষক কর্মচারী
একাজোটের নেতৃবৃন্দ। তারা বলেছেন, দেশে
প্রায় ৮ হাজার ননএমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান
রয়েছে। এ সকল প্রতিষ্ঠান এমপিওভুক্ত না হলে
দেশের বিপুলসংখ্যক শিক্ষার্থীর জীবন কঠিন
হওয়ার সম্ভাবনা রয়েছে।

গতকাল (সোমবার) ঢাকা রিপোর্টার্স
ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ
দাবী জানানো হয়। সংবাদ সম্মেলনে
এমপিওভুক্তির দাবীতে ৩ দফা কর্মসূচী ঘোষণা
করা হয়। কর্মসূচীর মধ্যে রয়েছে জামায়া ১৭
সেপ্টেম্বর জেলা প্রশাসকের মাধ্যমে প্রধান
উপদেষ্টা ও শিক্ষা উপদেষ্টা বরাবর কারকসিপি
প্রদান, এমপিওভুক্ত না হলে আপাতী ইদুল
ফিতরের দিন কালো ব্যাজ ধারণ এবং ইদুল
ফিতরের পর কেন্দ্রীয় নেতৃবৃন্দের জেলা সফর।
সংবাদ সম্মেলনে স্মৃতি বক্তব্য পাঠ করেন
সংগঠনের আহ্বায়ক মোঃ ইব্রাহিম খাদিম।
সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন
সংগঠনের যুগ্ম আহ্বায়ক মোঃ এনারত আলী,
মাওলানা মোঃ জামিল উদ্দীন, মোঃ সার্বিনুর
রহমান, মোঃ আব্দুল কালাম আহাদ প্রমুখ।